

- (১) ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ~~ক্রম-পরিকল্পনা~~ ^{বাজেট প্রকল্প} কপি।
- (২) জলে যাওয়া ভিসিবি এর ছবি।
- (৩) টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- (৪) সংগৃহীত কোটেশন।
- (৫) প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Supply, installation & commissioning of 630A VCB (Vacuum Circuit Breaker) Complete set at OGR electrical control room, IRP#1, SKWP কাজের অনুমোদন প্রসঙ্গে।

১.০। সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। অত্র প্লান্টের আওতাধীন প্রায় ২০ বর্গ কিলোমিটার এলাকায় বিদ্যমান ৪৬ পাম্প কম্পাউন্ডসহ ২টি আয়রন রিমুভাল প্লান্টের জন্য মোট ৩০ কি:মি: বৈদ্যুতিক ১১ কেভি ও ১৪ কি:মি: ৩৩ কেভি বৈদ্যুতিক এইচটি লাইন আছে। আমিন বাজার ও সাভার পিবিএস থেকে আগত বৈদ্যুতিক পাওয়ার IRP#1 ১টি ৫ এমভিএ ৩৩/১১ কেভি সাব-স্টেশনের মাধ্যমে ১১কেভি পাওয়ার OGR সেকশনের সরবরাহ করা হয়। OGR সেকশনের জন্য একটি ১১/০.৪১৫ কেভি সাব-স্টেশন আছে, যেখানে ২টি 1250 KVA ট্রান্সফরমার আছে। ১১ কেভি পারয়ার প্রথমে ২টি VCB তে প্রবেশ করে। VCB থেকে ১১ কেভি পাওয়ার সয়ংক্রিয়ভাবে নিয়ন্ত্রিত হয়ে ট্রান্সফরমারে প্রবেশ করে। ২টি ট্রান্সফরমারের পাওয়ার ২টি এলটি প্যানেলে প্রবেশ করে। প্রতিটি এলটি প্যানেলের পাওয়ার দিয়ে ৩ টি করে বুস্টার পানির পাম্প-মোটর চালানো হয়। উল্লেখ্য যে, সম্প্রতি OGR সেকশনের HV Incoming Panel-2 এর 630A VCB টির ট্রিপ কয়েল নষ্ট হয়ে গেছে যা, বর্তমানে বাইপাস মুডে রেখে ৩টি বুস্টার পাম্প-মোটর চালানো হচ্ছে। VCB টি খুললে ৩টি বুস্টার পাম্প-মোটর বন্ধ থাকবে আবার VCB টি না খুলে মেরামত করা যাচ্ছে না। আপদকালীন অবস্থায় বৈদ্যুতিক/যান্ত্রিক ত্রুটি সংগঠিত হলে সয়ংক্রিয়ভাবে VCB টি ট্রিপ করে বড়ো ধরনের কোন ক্ষতি ও বিপদের হাত থেকে রক্ষা করে। বর্তমানে ঝুঁকিপূর্ণ অবস্থায় বুস্টার পানির পাম্প চালানো হচ্ছে। VCB এর ত্রুটির কারণে ৩টি বুস্টার পানির পাম্প-মোটর বন্ধ হয়ে গেলে অত্র প্লান্ট থেকে ঢাকা শহরে পানি পাঠানোর সক্ষমতা অর্ধেক নেমে আসবে। সুষ্ঠুভাবে বুস্টার পানির পাম্প-মোটর চালানো তথা পানি সরবরাহের লক্ষ্যে একটি 630A VCB সরবরাহ ও স্থাপন করা অতিব জরুরি প্রয়োজন। উল্লেখ্য যে, 630A VCB অত্র বিভাগীয় উপ-ভান্ডার বা কেন্দ্রীয় ভান্ডারে মজুদ নাই। উল্লেখ্য যে, কাংজিত VCB টি বিদ্যমান VCB এর অনুরূপ হলে তা ইন্সটল ও রক্ষণাবেক্ষণ করা সহজ হবে। পরতবর্তীতে ত্রুটিপূর্ণ VCB টি মেরামত করে পুনরায় ব্যবহারের জন্য বিভাগীয় উপ-ভান্ডারে মজুদ রাখা হবে। উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) সময় সাপেক্ষে কিন্তু VCB টি সংগ্রহ করা অতিব জরুরী বিধায় সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) তে সংগ্রহের প্রস্তাব করা হয়েছে।

১.১। OGR সেকশন ১১/০.৪১৫ কেভি সাব-স্টেশনের জন্য একটি 630A VCB সরবরাহ ও স্থাপনের লক্ষ্যে সর্বনিম্ন বাজার দরের ভিত্তিতে (সং:ক্র:নং-০৩) সর্বমোট ৬১৭,১৮,৫০০.০০ (সতের লক্ষ আঠার হাজার পাঁচশত দশমিক শূন্য শূন্য) টাকার একটি প্রাক্কলন (ক্র:নং-০৩) প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য যে, সর্বনিম্ন দরদাতার VCB এর ব্রান্ড ও HV Incoming Panel-2 এ বিদ্যমান VCB এর ব্রান্ড একই হওয়ায় ইন্সটলেশন ও সেটিং এ সুবিধা হবে। আলোচ্য সরবরাহ কাজটি সাকেওপা এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয়ের ক্র:নং-৩৫ এর “খুচরা যন্ত্রাংশ (শোধানাগার)” খাত হতে নির্বাহ করা হবে (সং:ক্র:নং-০১)।

১.২। এমতাবস্থায়, অনুচ্ছেদ নং ১.০ হতে ১.১ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে “Supply, installation & commissioning of 630A VCB (Vacuum Circuit Breaker) Complete set at OGR electrical control room, IRP#1, SKWP” শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) সরবরাহ কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী অভিজ্ঞ ঠিকাদার প্রতিষ্ঠান “AH Tech Ltd” এর সহিত সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) সম্পাদনের অনুমোদন;

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট ৳১৭,১৮,৫০০.০০ (সতের লক্ষ আঠার হাজার পাঁচশত দশমিক শূন্য শূন্য) টাকা মাত্র এর প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন এবং

গ) আলোচ্য কাজটির ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয়ের ক্র:নং-৩৫ এর “খুচরা যন্ত্রাংশ (শোধনাগার)” হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

২০/১০/২৪

SDE

২০/১০/২৪

E/E

২০/১০/২৪

কাজী বিক্রাল হোসেন
উপ-বিভাগীয় প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট
ঢাকা ওয়াসা।

২০/১০/২৪
মাসুদুল আলম
নিবাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

SE, WSP Circle

২৩/১০/২৪

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাঃ ও পঃশোঃ সার্কেল
ঢাকা ওয়াসা।

২০/১০/২৪
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMD (E/M)

১.৬। কার্যক্রম ২০২৪ বিকল্প অনু-১২
এও প্রস্তাবিত অনুমোদন (৬৩৭) মেতে
গাও।

২০/১০/২৪

(প্রকৌঃ এ.কে.এম. মহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

২০/১০/২৪
মোঃ ফজলুল্লাহ রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

২০/১০/২৪
০৬/১১/২৪

২০/১০/২৪

২০/১০/২৪